**Lang. Code : 04**

इस पुस्तिका में **20** पृष्ठ हैं ।
This booklet contains **20** pages.

# ATA-19-II

**प्रश्न-पत्र II / PAPER II**
**बंगला भाषा परिशिष्ट**
**Bangla Language Supplement**
**भाग IV & V / PART IV & V**

**परीक्षा पुस्तिका संकेत**
**Test Booklet Code**

**E**

**परीक्षा पुस्तिका संख्या**
**Test Booklet No.**

**इस परीक्षा पुस्तिका को तब तक न खोलें जब तक कहा न जाए ।**
**Do not open this Test Booklet until you are asked to do so.**
**इस परीक्षा पुस्तिका के पिछले आवरण (पृष्ठ 19 व 20)पर दिए निर्देशों को ध्यान से पढ़ें ।**
**Read carefully the Instructions on the Back Cover (Page 19 & 20) of this Test Booklet.**

**बंगला में निर्देशों के लिए इस पुस्तिका का पृष्ठ 2 देखें । / For instructions in Bangla see Page 2 of this Booklet.**

## परीक्षार्थियों के लिए निर्देश

1. यह पुस्तिका मुख्य परीक्षा पुस्तिका की एक परिशिष्ट है, उन परीक्षार्थियों के लिए जो या तो भाग IV (भाषा I) **या** भाग V (भाषा II) **बंगला** भाषा में देना चाहते हैं, लेकिन **दोनों नहीं** ।
2. परीक्षार्थी भाग I एवं भाग II **या** III के उत्तर मुख्य परीक्षा पुस्तिका से दें और भाग IV व V के उत्तर उनके द्वारा चुनी भाषाओं से ।
3. अंग्रेज़ी व हिन्दी भाषा पर प्रश्न मुख्य परीक्षा पुस्तिका में भाग IV व भाग V के अन्तर्गत दिए गए हैं । भाषा परिशिष्टों को आप अलग से माँग सकते हैं ।
4. इस पृष्ठ पर विवरण अंकित करने एवं उत्तर पत्र पर निशान लगाने के लिए **केवल काले/नीले बॉल पॉइंट पेन** का प्रयोग करें ।
5. इस भाषा पुस्तिका का **संकेत** है **E**। यह सुनिश्चित कर लें कि इस भाषा परिशिष्ट पुस्तिका का संकेत, उत्तर पत्र के **पृष्ठ-2** एवं मुख्य परीक्षा पुस्तिका पर छपे संकेत से मिलता है । अगर यह भिन्न हो, तो परीक्षार्थी दूसरी भाषा परिशिष्ट परीक्षा पुस्तिका लेने के लिए निरीक्षक को तुरन्त अवगत कराएँ ।
6. इस परीक्षा पुस्तिका में **दो** भाग IV और V हैं, जिनमें **60** वस्तुनिष्ठ प्रश्न हैं, जो प्रत्येक 1 अंक का है :
   भाग-IV : भाषा-I (बंगला) (प्र. 91 से प्र. 120)
   भाग-V : भाषा-II (बंगला) (प्र. 121 से प्र. 150)
7. भाग-IV में भाषा-I के लिए 30 प्रश्न और भाग-V में भाषा-II के लिए 30 प्रश्न दिए गए हैं । इस परीक्षा पुस्तिका में केवल बंगला भाषा से संबंधित प्रश्न दिए गए हैं । **यदि भाषा-I और/या भाषा-II में आपके द्वारा चुनी गई भाषा(एँ) बंगला के अलावा है तो कृपया उस भाषा वाली परीक्षा पुस्तिका माँग लीजिए । जिन भाषाओं के प्रश्नों के उत्तर आप दे रहे हैं वह आवेदन पत्र में चुनी गई भाषाओं से अवश्य मेल खानी चाहिए ।**
8. **परीक्षार्थी भाग-V (भाषा-II) के लिए, भाषा सूची से ऐसी भाषा चुनें जो उनके द्वारा भाषा I (भाग-IV) में चुनी गई भाषा से भिन्न हो ।**
9. रफ कार्य परीक्षा पुस्तिका में इस प्रयोजन के लिए दी गई खाली जगह पर ही करें ।
10. सभी उत्तर केवल OMR उत्तर पत्र पर ही अंकित करें । अपने उत्तर ध्यानपूर्वक अंकित करें । उत्तर बदलने हेतु श्वेत रंजक का प्रयोग निषिद्ध है ।

## *INSTRUCTIONS FOR CANDIDATES*

1. This booklet is a supplement to the Main Test Booklet for those candidates who wish to answer **EITHER** Part IV (Language I) **OR** Part V (Language II) in **BANGLA** language, but **NOT BOTH**.
2. Candidates are required to answer Part I and Part II **OR** III from the Main Test Booklet and Parts IV and V from the languages chosen by them.
3. Questions on English and Hindi languages for Part IV and Part V have been given in the Main Test Booklet. Language Supplements can be asked for separately.
4. Use **Black/Blue Ball Point Pen only** for writing particulars on this page / marking responses in the Answer Sheet.
5. The CODE for this Language Booklet is **E**. Make sure that the CODE printed on **Side-2** of the Answer Sheet and on your Main Test Booklet is the same as that on this Language Supplement Test Booklet. In case of discrepancy, the candidate should immediately report the matter to the Invigilator for replacement of the Language Supplement Test Booklet.
6. This Test Booklet has **two** Parts, IV and V, consisting of **60** Objective Type Questions, each carrying 1 mark :
   Part-IV : Language-I (Bangla) (Q. 91 to Q. 120)
   Part-V : Language-II (Bangla) (Q. 121 to Q. 150)
7. Part-IV contains 30 questions for Language-I and Part-V contains 30 questions for Language-II. In this Test Booklet, only questions pertaining to Bangla language have been given. **In case the language/s you have opted for as Language-I and/or Language-II is a Language other than Bangla, please ask for a Test Booklet that contains questions on that language. The language being answered must tally with the languages opted for in your Application Form.**
8. **Candidates are required to attempt questions in Part -V (Language-II) in a language other than the one chosen as Language-I (in Part-IV) from the list of languages.**
9. Rough work should be done only in the space provided in the Test Booklet for the same.
10. The answers are to be recorded on the OMR Answer Sheet only. Mark your responses carefully. No whitener is allowed for changing answers.

परीक्षार्थी का नाम (बड़े अक्षरों में) : ____________________
Name of the Candidate (in Capitals) :
अनुक्रमांक : (अंकों में) ____________________
Roll Number : in figures
: (शब्दों में) ____________________
: in words
परीक्षा केन्द्र (बड़े अक्षरों में) : ____________________
Centre of Examination (in Capitals) :
परीक्षार्थी के हस्ताक्षर : ____________ निरीक्षक के हस्ताक्षर : ____________
Candidate's Signature : Invigilator's Signature :
Facsimile signature stamp of
Centre Superintendent ____________________

E

**Lang. Code : 04**

# ATA-19-II

**পরীক্ষা পুস্তিকা কোড**

**E**

বর্তমান পুস্তিকাটি 20 পৃষ্ঠা সমন্বিত

**প্রশ্ন পত্র II**

## বাংলা ভাষা পরিশিষ্ট

### ভাগ IV & V

**যতক্ষণ পর্যন্ত না বলা হবে, ততক্ষণ পর্যন্ত পরীক্ষা পুস্তিকাটি খুলবেন না ।**

**পরীক্ষা পুস্তিকাটির পিছনের আবরণীতে (পৃষ্ঠ 19 & 20) মুদ্রিত নির্দেশ গুলি মন দিয়ে পড়ুন ।**

***পরীক্ষার্থীদের প্রতি নির্দেশ*** **:**

1. যে সব পরীক্ষার্থী **বাংলা** ভাষায় ভাগ IV (ভাষা I) (Part IV, Language I) **অথবা** ভাগ V (ভাষা II) (Part V, Language II) **- এর কিন্তু দুটিরই নয়** - উত্তর দিতে চান, তাঁদের জন্য এই পুস্তিকাটি মুখ্য পরীক্ষা পুস্তিকার একটি পরিশিষ্ট বিশেষ ।
2. পরীক্ষার্থীরা ভাগ I এবং ভাগ II **অথবা** III এর উত্তর মুখ্য পরীক্ষা পুস্তিকা থেকে দেবেন এবং ভাগ IV এবং V এর উত্তর তাদের নিজেদের নির্বাচিত ভাষার থেকে দেবেন ।
3. ইংরেজি এবং হিন্দি ভাষার উপর প্রশ্ন মুখ্য পরীক্ষা পুস্তিকার ভাগ IV এবং ভাগ V এ দেওয়া আছে । পরীক্ষার্থীরা আলাদা করে ভাষা-পরিষিষ্টগুলি (Language Supplements) চেয়ে নিতে পারেন ।
4. এই পৃষ্ঠার বিবরণ গুলি লেখার জন্য এবং উত্তর পত্রে উত্তর চিহ্নিত করণের জন্য **কেবলমাত্র কালো/নীল বল্ পয়েন্ট্ পেনই** ব্যবহার করতে হবে ।
5. বর্তমান ভাষা-পুস্তিকার (Language Booklet) কোড **E.** এই ভাষা পরিশিষ্ট পুস্তিকার কোড এবং উত্তর পত্রের দ্বিতীয় পৃষ্ঠায় মুদ্রিত কোড ও মুখ্য পরীক্ষা পুস্তিকার উপরে মুদ্রিত কোড একই কি না, পরীক্ষার্থীরা সেটা এবশ্যই নিশ্চিত হয়ে নেবেন । কোড এক না হলে পরীক্ষার্থী অবিলম্বে পরীক্ষা নিরীক্ষক (invigilator) - এর দৃষ্টি আকর্ষণ করবেন এবং তাকে ভাষা পরিশিষ্ট পরীক্ষা পুস্তিকাটি বদলে দিতে বলবেন ।
6. এই পরীক্ষা পুস্তিকাটি IV এবং V - এই দুই ভাগে বিন্যস্ত এবং এর মধ্যে **60**টি বস্তুনিষ্ঠ প্রশ্ন (Objective Type Questions) বর্তমান । প্রতিটি বস্তুনিষ্ঠ প্রশ্ন 1 নম্বরের :
   ভাগ IV : ভাষা-I (বাংলা) *(প্রশ্ন সংখ্যা : 91 থেকে 120)*
   ভাগ V : ভাষা-II (বাংলা) *(প্রশ্ন সংখ্যা : 121 থেকে 150)*
7. ভাগ IV এ ভাষা I এর জন্য আছে 30টি প্রশ্ন এবং ভাগ V এ ভাষা II এর জন্য আছে 30টি প্রশ্ন । যদি ভাষা **I** এবং/অথবা ভাষা **II** এর জন্য আপনার নির্বাচিত ভাষাটি (গুলি) বাংলা না হয়ে অন্য কিছু হয় - তা হলে অনুগ্রহ করে আপনার নির্বাচিত ভাষার পরীক্ষা পুস্তিকা চেয়ে নিন । আপনি আপনার আবেদন পত্রে (Application Form) যে নির্বাচিত ভাষার উল্লেখ করেছেন, আপনাকে ঠিক সেই ভাষাতেই উত্তর লিখতে হবে ।
8. পরীক্ষার্থীদের ভাগ **V** (ভাষা **II**) এর প্রশ্নোত্তরের জন্য প্রদত্ত ভাষা-তালিকা থেকে এমন একটি ভাষা নির্বাচন করতে হবে - যা তার ভাষা **I** (ভাগ **IV**) এর জন্য নির্বাচিত ভাষা থেকে আলাদা । অর্থাৎ ভাষা **I** (ভাগ **IV**) এবং ভাগ **V** (ভাষা **II**) এর প্রশ্নোত্তরের জন্য একই ভাষা নির্বাচন চলবে না ।
9. পরীক্ষা পুস্তিকায় পরীক্ষার্থীর নিজের কাজ (rough work) - এর জন্য নির্দিষ্ট খালি জায়গার মধ্যেই rough work করতে হবে ।
10. সব উত্তর (OMR) উত্তর-পত্রের মধ্যেই চিহ্নিত করতে হবে । উত্তর চিহ্নিত করণের কাজটি সাবধানতার সঙ্গে করতে হবে

পরীক্ষার্থীর নাম (ছাপার অক্ষরে) : ____________________

ক্রমিক সংখ্যা (সংখ্যায়) ____________________

: (অক্ষরে) ____________________

পরীক্ষা কেন্দ্র (ছাপার অক্ষরে) : ____________________

পরীক্ষার্থীর স্বাক্ষর : ____________________ পরীক্ষা নিরীক্ষকের স্বাক্ষর : ____________________

Facsimile signature stamp of
Centre Superintendent ____________________

যে-সব পরীক্ষার্থী বাংলা কে ভাষা-**I** হিসাবে নির্বাচিত করেছেন, তারা অবশ্যই ভাগ-**IV (91 থেকে 120 নং প্রশ্ন)** – এর উত্তর দেবেন

Candidates should attempt the questions from **Part-IV (Q.No. 91-120)**, if they have opted **BANGLA** as **LANGUAGE-I** only.

## Part – IV / ভাগ – IV
## Language – I / ভাষা – I
## Bangla / বাংলা

যে-সব পরীক্ষার্থী **বাংলা** কে **ভাষা-I** হিসাবে নির্বাচিত করেছেন, তারা অবশ্যই **ভাগ-IV (91 থেকে 120 নং প্রশ্ন)** – এর উত্তর দেবেন

**নির্দেশ : নিম্নলিখিত গদ্যটি পাঠ করে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (91 থেকে 99 নম্বর প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন।**

স্বর্গীয় সুরসেবক আলি আকবর খান সাহেবকে আমি বাবা বলেই সম্বোধন করতাম। তবে এই সম্বোধন কেন করতাম তার কারণ জানাতে গেলে আমার সংগীতশিক্ষার গোড়ার কথা বলতে হবে। আমি শিশুকাল থেকেই দেশপ্রিয় পার্কের ধারে মতিলাল নেহেরু রোডে অবস্থিত আমার মামার বাড়িতেই মানুষ হয়েছি। আমার মামার বাড়িতে বেশ ভালোরকমই সাংস্কৃতিক পরিবেশ ছিল। মা-র ঠাকুরদাদা বিহারীলাল বন্দ্যোপাধ্যায় ছিলেন চিত্রশিল্পী, তিনিই প্রথম ভারতীয় যিনি গ্লাস এচিং চর্চা করেন। মা-র এক পিসেমশাই প্রসাদ মুখোপাধ্যায় প্রখ্যাত চলচ্চিত্র অভিনেতা ছিলেন। আমার দিদিমা হিরন্ময়ী দেবী অল্পবিস্তর গান করতেন এবং ওঁর মামা ধীরেন্দ্রনাথ চক্রবর্তী বেনারসের নামকরা ঠুংরি গাইয়ে ছিলেন। আমার তিন মামা, দিব্যেন্দুসুন্দর, শুভেন্দুসুন্দর ও সৌমেন্দুসুন্দর, খেলাধুলা ছাড়াও গানবাজনা করতেন। তবে শখের গানবাজনা। বড়োমামা দিব্যেন্দুসুন্দর বেহালা বাজাতেন। ছোটোমামা সৌমেন্দুসুন্দর পণ্ডিত রাধিকামোহন মৈত্রেয়র কাছে সরোদ শেখার পাশাপাশি নানাবিধ অন্যান্য যন্ত্রও বাজাতেন, তার ভিতরে ইলেকট্রিক গিটার ছিল প্রধান। আমার মেজোমামা শুভেন্দুসুন্দর, যিনি শোভন নামে বেশি পরিচিত ছিলেন, তিনি যদিও রায় বাহাদুর কেশবচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের কাছে তবলা শিখেছিলেন কিন্তু নিজ প্রতিভায় সবরকম বাদ্যযন্ত্র অনায়াসে বাজাতে পারতেন। আমার মা আরাধনা বন্দ্যোপাধ্যায় চল্লিশ আর ষাটের দশকের মধ্যে অন্যতম জনপ্রিয় সুগায়িকা ছিলেন। মা-র গান গাওয়ার পেছনে আমার মেজোমামার অবদান অসীম। মা ছোটোবেলায় ছোটোমামার সঙ্গে ধ্রুপদ শিখতেন রামপুরের ওস্তাদ মহম্মদ উজীর খান সাহেবের পুত্র সগীর খাঁ সাহেবের কাছে। পরে পণ্ডিত চিন্ময় লাহিড়ী লখনউ থেকে কলকাতায় এসে পাকাপাকিভাবে বসবাস শুরু করার সময় থেকে মা তাঁর কাছে মার্গসংগীত এবং বাংলা রাগপ্রধান গান শেখেন; পরবর্তীকালে রত্নেশ্বর ও সিদ্ধেশ্বর মুখোপাধ্যায়ের কাছে অন্যান্য গান এবং পঞ্চানন ভট্টাচার্যের কাছে কীর্তন, দেবব্রত বিশ্বাস ও দ্বিজেন চৌধুরীর কাছে রবীন্দ্রসংগীত শেখেন। এর ফলে বাড়িতে গান-বাজনার ভালোরকম চর্চা ছিল। আমাদের বাড়ির দোতলায় যে বড়ো হল ঘর ছিল তাতে হেন শিল্পী নেই যাঁরা সংগীত পরিবেশন করেননি। বিখ্যাত সেতার বাদক লক্ষ্মণ ভট্টাচার্য মহাশয় শেষ দিকে মোটামুটি আমাদের বাড়িতেই থাকতেন। পণ্ডিত রবিশঙ্করজী যখন মাইহার থেকে কলকাতায় আসতেন সেতার জোয়ারি করাতে তখন অনেকটা সময় আমার মেজোমামার ঘরেই কাটাতেন। ফলে ওই অঞ্চলে আমাদের বাড়ি 'গানের বাড়ি' বলেই বিখ্যাত ছিল। এরপর ১৯৪১ সালে মা উত্তমকুমার অভিনীত প্রথম চলচ্চিত্র কামনা ছবিতে প্লেব্যাক গেয়ে খুব নাম করেন।

**91.** আলোচ্য গদ্যে মোট কয়টি বাদ্যযন্ত্রের নাম উল্লেখ করা হয়েছে ?

(1) 5টি (2) 7টি

(3) 4টি (4) 3টি

**92.** উত্তমকুমারের অভিনীত প্রথম চলচিত্রের নাম কি ?

(1) অমর সঙ্গী (2) দেওয়া নেওয়া

(3) কামনা (4) ধন্যিমেয়ে

**93.** নিম্নলিখিতের মধ্যে সঠিক সন্ধিবিচ্ছেদ নির্বাচন করুন :

(1) সিদ্ধেশ্বর = সিদ্ + ঈশ্বর

(2) সিদ্ধেশ্বর = সিদ্ধ + ঈশ্বর

(3) সিদ্ধেশ্বর =সিদ্ধ + এশ্বর

(4) সিদ্ধেশ্বর = সিদ্ধ + ইশ্বর

**94.** ফলে ওই অঞ্চলে <u>আমাদের</u> বাড়ি 'গানের বাড়ি' বলেই বিখ্যাত ছিল।

রেখাঙ্কিত শব্দটি কোন ধরণের সর্বনামের উদাহরণ ?

(1) সাকল্যবাচক সর্বনাম

(2) ব্যক্তিবাচক বা পুরুষবাচক সর্বনাম

(3) সঙ্গতিবাচক সর্বনাম

(4) অনিশ্চয়সূচক সর্বনাম

**95.** সগীর খাঁ সাহেবের পিতার নাম কি ছিল ?

(1) বাবা আলাউদ্দীন খান সাহেব

(2) মহম্মদ উজীর খান সাহেব

(3) বড়ে গুলাম আলি খান সাহেব

(4) দাবির হুসেন খান সাহেব

**96.** নিম্নলিখিত বিকল্পগুলির মধ্যে কোন বিকল্পের প্রতিটি নাম আলোচ্য গদ্যে আছে ?

(1) দিব্যেন্দুসুন্দর, শুভসুন্দর, সৌমেন্দুসুন্দর

(2) দিব্যসুন্দর, শুভেন্দুসুন্দর ও সৌমসুন্দর

(3) দিব্যসুন্দর, শুভেন্দুসুন্দর ও সৌমেন্দুসুন্দর

(4) দিব্যেন্দুসুন্দর, শুভেন্দুসুন্দর ও সৌমেন্দুসুন্দর

**97.** পণ্ডিত রবিশঙ্কর-জী সেতার জোয়ারি করাতে মাইহার থেকে কোথায় আসতেন ?

(1) মাদ্রাজে

(2) দিল্লিতে

(3) কলকাতায়

(4) মুম্বাই-এ

**98.** সঠিক বাক্য নির্বাচন করুন -

(1) আমাদের বাড়ির দোতলায় যে বড়ো হল ঘর ছিল তাতে হেন শিল্পী নেই যাঁরা সংগীত পরিবেশন করেন নি।

(2) আমাদের বাড়ির দোতলায় যে হল ঘর ছিল তাতে যেন শিল্পী নেই যাঁরা সংগীত পরিবেশন করেন নি।

(3) আমাদের বাড়ির তেতলায় যে হল ঘর তাতে হেন শিল্পী নেই যারা সংগীত পরিবেশন করেন নি।

(4) আমাদের বাড়ির দুতলায় হল ঘরে হেন শিল্পী নেই যারা সংগীত পরিবেশন করেন নি।

**99.** ভারতে গ্লাস এচিং চর্চা কে প্রথম শুরু করেন ?

(1) সমীন্দ্রনাথ ঠাকুর

(2) জগমোহন চক্রবর্তী

(3) হরপ্রসাদ শাস্ত্রী

(4) বিহারীলাল বন্দ্যোপাধ্যায়

নির্দেশ :

**নিম্নলিখিত কবিতাটি পাঠ করে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (100 থেকে 105 নম্বর প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন :**

ভাবছি, ঘুরে দাঁড়ানোই ভাল
এত কালো মেখেছি দু হাতে
এত কাল ধরে।
কখনো তোমার করে, তোমাকে ভাবিনি।
এখন খাদের পাশে রাত্তিরে দাঁড়ালে
চাঁদ ডাকে আয়, আয়, আয়।
এখন গঙ্গার তীরে ঘুমন্ত দাঁড়ালে
চিতা কাঠ ডাকে আয়, আয়, আয়।
যেতে পারি,
যেকোনো দিকেই আমি চলে যেতে পারি
কিন্তু, কেন যাবো ?
সন্তানের মুখ ধরে একটি চুমো খাবো

**100.** আলোচ্য কবিতায় 'আয়' শব্দটি কতবার ব্যবহার করা হয়েছে ?

(1) 4 বার

(2) 9 বার

(3) 3 বার

(4) 6 বার

**101.** কবিতার কথক কাকে চুমু খাওয়ার ইচ্ছা পোষণ করেছেন ?

(1) সন্তান (2) স্ত্রী

(3) ভাই (4) মা

**102.** শূন্যস্থান পূরণ করুন -

কখনো _______ করে, _______ ভাবিনি।

(1) তোমাকে, তোমার

(2) আমার, তোমাকে

(3) তোমার, তোমাকে

(4) তোমার, আমাকে

**103.** 'কিন্তু কেন যাবো ?' – বাক্যটির প্রকৃতি কি ?

(1) নিশ্চয়ার্থক বাক্য

(2) প্রশ্নবোধক বাক্য

(3) নিষেধমূলক বাক্য

(4) আজ্ঞাকারক বাক্য

**104.** নিম্নলিখিত বাক্যগুলির সঠিকক্রম নির্বাচন করুন :

A. যেতে পারি

B. এতকাল ধরে

C. কিন্তু কেন যাবো

D. এত কালো মেখেছি দুহাতে

(1) A, C, D, B

(2) B, D, A, C

(3) C, B, D, A

(4) D, B, A, C

**105.** আলোচ্য কবিতাটি কোন ছন্দে লেখা ?

(1) মহাপয়ার ছন্দ

(2) মিশ্রকলাবৃত্ত ছন্দ

(3) অমিত্রাক্ষর ছন্দ

(4) কলাবৃত্ত ছন্দ

106. দক্ষতাপূর্ণ পাঠ যা নয় -

(1) গঠনমূলক (constructive)

(2) কল্পনাপ্রবণ (imaginative)

(3) প্রগতিপন্থী (progressive)

(4) উদ্দেশ্যমূলক (deliberate)

107. নিম্নলিখিতের মধ্যে কোনটি সুদূর প্রসারী পাঠের সঙ্গে সম্পর্কযুক্ত নয় ?

(1) এটি পড়ায় বৃহত্তর আনন্দদান করে।

(2) গভীর বোঝাপড়ার জন্য এটি খুঁটিনাটি বিবরণসমেত (minute detail) পড়তে সাহায্য করে।

(3) এটি ভাষা শিক্ষা সমৃদ্ধ করে।

(4) একটি পাঠ সামগ্রিকভাবে বোঝার জন্য পড়া হয়।

108. লেখার পদ্ধতিগত কর্মকৌশলের (process approach) লক্ষ্য যে বিষয়ের উপর হবে, তা

(1) কেবল পদ্ধতি

(2) কেবল উৎপাদন (product)

(3) পদ্ধতি এবং তার উৎপাদন উভয়ই

(4) ভালো হাতের লেখার ব্যবহার।

109. নিম্নলিখিতের মধ্যে কোনটি ভাষার পাঠক্রমে (curricuum) সাহিত্যের অন্তর্ভুক্তির পিছনে সবচেয়ে কম গুরুত্বপূর্ণ বিষয় ?

(1) এটি কেবল মাত্র শোনা এবং বলার দক্ষতাকে লালন (forrters) করে

(2) এটি হল একটি পরীক্ষিত (autheintic) বিষয়

(3) এটি ছাত্রদের অন্য সংস্কৃতি বুঝতে সাহায্য করে।

(4) এটি ছাত্রদের ব্যক্তিগত প্রতিক্রিয়া জানাতে উৎসাহিত করে।

110. নিম্নলিখিতের মধ্যে কোন বিবৃতিটি নির্ভুল ?

(1) বিরামচিহ্ন একটি বাক্যের অর্থ পরিবর্তন চিহ্নিত করে।

(2) বিরামচিহ্ন একটি বাক্যের নিতান্তই কম অর্থ পরিবর্তন চিহ্নিত করে।

(3) বিরামচিহ্ন একটি পাঠকে সুন্দর করে তুলতে সাহায্য করে।

(4) বিরামচিহ্ন একটি পাঠের গতিকে বাধাগ্রস্থ করে।

111. ছাত্রদের লেখার মূল্যায়নে সবচেয়ে গুরুত্বপূর্ণভাবে যে বিষয়ের প্রতি মনোযোগ আকর্ষণ করবে, তা

(1) বানান এবং ব্যাকরণ ঠিক করা

(2) বিভিন্ন ধারণার বহিঃপ্রকাশ

(3) শব্দ সংখ্যাকে বজায় রাখা

(4) লেখার সময় বাগধারা ও প্রবাদ ব্যবহার করা।

**112. এন সি এফ 2005 এর নির্দেশিত মূলনীতি (guiding principles) অনুযায়ী নিম্নলিখিত কোনটি এর অন্তর্ভুক্ত নয় ?**

(1) বিদ্যালয়ের বাইরের জীবনের সঙ্গে জ্ঞানকে সংযুক্ত করা।

(2) এটা সুনিশ্চিত করা যাতে লেখাপড়া (learning) নোট (Note) পদ্ধতি থেকে স্থানান্তরিত হয়।

(3) পাঠক্রম (curriculum) পাঠ্যপুস্তক কেন্দ্রিক হবে।

(4) পরীক্ষা শ্রেণীকক্ষে আরও নমনীয় এবং একীকরণ (integrated) করা।

**113. যা শব্দের মাধ্যমে তথ্যগত খবর, কি হয়েছিল, কখন হয়েছিল, কোথায় হয়েছিল, কাজের জন্য উৎসাহ এবং কিভাবে সেই ক্রিয়া সমাপ্ত হল - এই ছবি তুলে ধরে, তা**

(1) প্রকল্প কার্য (project work)

(2) নিদৃষ্ট দায়িত্বের কার্য (assignment)

(3) কাল্পনিক কাহিনীর ভিত্তিভূমি সংক্রান্ত তথ্য (anecdotal record)

(4) পরিমাপ সূচক (rating scale)

**114. ছাত্ররা ভাষায় কি করছে তা প্রদর্শনের সবচেয়ে ভালো প্রমাণ নিম্নলিখিতের মধ্যে কোনটি ?**

(1) একটি পরীক্ষার মূল্যায়ন (marks)

(2) লেখার এবং বলার কাজে ছাত্রদের ভাষার ব্যবহার

(3) জাতীয় পাঠক্রম (curricurum) এবং পাঠ্যনির্ঘন্ট (syllabus) বিষয়ে জানা।

(4) ভাষার লক্ষ্য (goods) এবং উদ্দেশ্য (objectives) বোঝা।

**115. ভাইগোটেস্কির (Vygotsky) মাচানকেন্দ্রিক তত্বপ্রকল্প (seaffolding hypothesis) অনুযায়ী একজন শিক্ষক ভাষা শিক্ষার্থীদের জোড়ায় বা গোষ্ঠীতে কাজ করার সুযোগ দেবেন, যেহেতু -**

(1) এভাবে শিক্ষকের পক্ষে কাজ পরিচালনা করা সহজ হবে।

(2) ছাত্রদের পারস্পরিক মেলামেশা শিক্ষককে উদ্বেগমুক্ত হতে সাহায্য করবে।

(3) সামাজিক মেলামেশা সারবস্তুর (substantive) অর্থ সরাবরাহ করবে, যার দ্বারা লেখাপড়া হয়।

(4) এমন সামাজিক মেলামেশা ছাত্রদের একটি ভাষা শিক্ষা থেকে বিচ্যুত (deriates) করে।

**116. ভাষা শিক্ষায় প্রাথমিক শব্দ এবং তার মিশ্রণের পরিবর্তে সরল বাক্যর মাধ্যমে শুরু করা হয় । এটা যা ইঙ্গিত দেয় -**

(1) যোগাযোগ সম্পূর্ণ বাক্যের উপর নির্ভরশীল।

(2) ভাষা আত্তীকরণে (acquisition) উচ্চারণের কোন স্থান নেই।

(3) ভাষা শিক্ষায় ব্যাকরণ এবং উচ্চারণের সমান স্থান আছে।

(4) যোগাযোগের অন্যতম গুরুত্বপূর্ণ মাত্রা হলো ব্যাকরণ।

**117. সপ্তম শ্রেণীকক্ষের একজন শিক্ষক একটি ভাষা কক্ষে দৃষ্টিবান ছাত্রদের পড়ানোর জন্য ইউ টিউভ-এর ভিডিও ব্যবহার করেন, রেকর্ডিং (recording) ব্যবহার করেন দৃষ্টিহীন ছাত্রদের জন্য, মিলেমিশে (interactive) খেলার ব্যবস্থা করেন দৃষ্টি ও শ্রবণ শক্তিহীন ছাত্রদের জন্য । শিক্ষক প্রতি এককের পোষনের জন্য যে সমস্ত মাল্টিমিডিয়া (multimedia) ব্যবহার করেন -**

(1) ভাষা পার্থক্য (linguistic differences)

(2) শেখার কৌশল (learning styles)

(3) শেখার অক্ষমতা

(4) ভরসাযুক্ত বস্তু (authentic materials)

**118. জ্ঞানাত্মক (cognitivists) পরিপ্রেক্ষিতে একজন ভাষা শিক্ষক শিশুদের ভ্রান্তি যেভাবে দেখবেন -**

(1) শেখার অবরোধ (handerence) ও বাধা

(2) শেখার অংশ যা ভাবার অন্তর্দৃষ্টি যোগায়

(3) এমন কিছু যা তাদের ত্রুটি সংশোধন করবে এবং বার বার সেই ভুল করা থেকে বিরত করবে।

(4) শেখার বিয়ে তাদের গুরুত্ব না দেওয়ার মানসিকতা, যেটার প্রতি তাৎক্ষণিক নজর দিতে হবে।

**119. একজন প্রগাঢ় অনুগত শ্রোতা, যেভাবে শোনেন**

(1) মনোযোগ

(2) ধৈর্য্য সহযোগে

(3) নিয়মানুবর্তিতা

(4) উন্নতি

**120. শব্দ না করে পড়ার মধ্য দিয়ে শিক্ষার্থীরা নিম্নলিখিতের মধ্যে ন্যুনতম যা অর্জন করবে**

(1) শব্দভাণ্ডার

(2) ব্যাকরণ

(3) বলার দক্ষতা

(4) পড়ার দক্ষতা

যে-সব পরীক্ষার্থী **বাংলা** কে **ভাষা-II** হিসাবে নির্বাচিত করেছেন, তারা অবশ্যই ভাগ-**V (121 থেকে 150 নং প্রশ্ন)** – এর উত্তর দেবেন

Candidates should attempt the questions from **Part-V (Q.No. 121-150)**, if they have opted **BANGLA** as **LANGUAGE-II** only.

**Part – V / ভাগ – V**

**Language – II / ভাষা – II**

**Bangla / বাংলা**

যে-সব পরীক্ষার্থী **বাংলাকে ভাষা-II** হিসাবে নির্বাচিত করেছেন, তারা অবশ্যই **ভাগ-V (121 থেকে 150 নং প্রশ্ন)** – এর উত্তর দেবেন

নির্দেশ :

**নিম্নলিখিত গদ্যটি পাঠ করে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (121 থেকে 128 নম্বর প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন।**

চুয়াত্তর সালের মাঝামাঝি আকাশবাণীতে বীরেন্দ্রকৃষ্ণ ভদ্রের শূন্য চেয়ারে বসে আমার প্রথম চিন্তা এল, যে করেই হোক, রেডিয়ো নাটককে ড্রয়িংরুম ড্রামার নাগপাশ থেকে মুক্ত করতে হবে। তখনকার কেন্দ্র-অধিকর্তা দিলীপ সেনগুপ্ত পরামর্শ দিলেন, 'জগন্নাথ, তুমি বউ ভাগানো নাটক নিশ্চয়ই বন্ধ করবে।' আমার নিরন্তর ভাবনাই ছিল তখন বেতার নাটকে সমসাময়িক বিষয় নিয়ে আসা, এফেক্ট সাউন্ড আবহকে নতুন মাত্রা দিয়ে প্রযোজনার কলাকৌশলকে সমৃদ্ধতর করা। বৈচিত্র্যবহুল পরীক্ষা-নিরীক্ষার সময় মাথায় এল, সত্যজিতের 'সেপ্টোপাসের খিদে' নাটকটি প্রযোজনা করতে হবে। সত্যজিৎবাবুর বিশপ লেফ্রয় রোডের ঠিকানায় গল্পটির একটি খসড়া নাট্যরূপ এবং চুক্তিপত্র আমরা পাঠিয়ে দিলাম। সত্যজিৎ পত্রপাঠ খসড়াটি ফেরত দিয়ে ওর নিজের তৈরি নাট্যরূপ (অবশ্যই বেতারের জন্য ওঁর প্রথম কাজ, হয়তো একমাত্র নয়) পাঠিয়ে দিলেন আমাদের দফতরে। সঙ্গে চুক্তিপত্রে জ্বলজ্বল করা ওঁর স্বাক্ষর 'সত্যজিৎ রায়'। ফোনে ওঁকে জানিয়ে দিলাম 'নাটকটা আমরা করছি।' উনি বললেন - 'তা হলে পেয়েছেন নাটকটা।' 'সেপ্টোপাসের খিদে' গল্পটা ছিল একটা কার্নিভোরাস প্ল্যান্ট, মানে মাংসাশী গাছ নিয়ে। তার সাতটা শুঁড় ছিল। তাকে নিয়ে একটা গবেষণা করার ব্যাপার ছিল নাটকটাতে। গাছটা প্রথম প্রথম কীটপতঙ্গ খাওয়া শুরু করল। কীটপতঙ্গে যখন আর চলছে না, তখন আস্তে আস্তে সে মুরগির দিকে হাত বাড়াবার চেষ্টা করল এবং ধারণা করা হল আর কিছুদিনের মধ্যেই সে মানুষের দিকেও হাত বাড়াবে। নাটকটিতে শব্দ নিয়ে পরীক্ষা করবার অনেক সুযোগ ছিল। এতে যে রহস্য রোমাঞ্চ আছে, আমার মনে হয়েছিল, শ্রতিমাধ্যমের পক্ষে তা খুব বেশি উপযুক্ত হবে। সেজন্যই চেষ্টা করছিলাম, যে করেই হোক নাটকটা করতেই হবে। সত্যজিৎবাবুর কাছ থেকে নাট্যরূপটা অবশ্য আমার বাড়তি পাওনা। ক্ষুধার্ত 'সেপ্টোপাস' একটা সাঁই সাঁই শব্দ করে। সত্যজিৎবাবুকে ফোনে জিজ্ঞাসা করলাম, 'এই যে, শব্দটা আপনি লিখেছেন চাবুকের শপাং শপাং শব্দ, এটা কি চাবুকের শব্দের মতো করেই ব্যবহার করব ?' তখন সরাসরি উনি আমাকে বললেন, 'আপনি তো কিছুই বোঝেননি দেখছি।' মুখ দিয়ে বেরিয়ে গেল, 'সেটা বুঝতে চাই বলেই একবার আপনার কাছে যেতে চাই।' উনি বললেন, 'আমার হাতে সময় নেই।'

**121.** সঠিক প্রত্যয় নির্বাচন করুন -

(1) খাওয়া = খ – √ও + আ

(2) খাওয়া = খাও্ + আ

(3) খাওয়া = √খা + আ(ওয়া)

(4) খাওয়া = খা + √ইয়া

**122.** কার্নিভোরাস শব্দের অর্থ -

(1) মাংসাশী

(2) তৃণহারী

(3) শাকাহারী

(4) ফলাহারী

**123.** 'সেপ্টোপাসের খিদে' নাটকটির রচয়িতা কে ?

(1) সুকুমার রায়

(2) সন্দীপ রায়

(3) অন্নদাশঙ্কর রায়

(4) সত্যজিৎ রায়

**124.** শূন্যস্থান পূরণ করুন -

আমার _______ ভাবনাই ছিল তখন বেতার নাটকে _____ বিষয় নিয়ে আসা।

(1) নিয়ত, সমসাময়িক

(2) নিরন্তর, সমসাময়িক

(3) নিরন্তর, সমকালীন

(4) নিয়ন্ত, সমকালীন

**125.** নিম্নলিখিতের মধ্যে সঠিক সন্ধিবিচ্ছেদ নির্বাচন করুন -

(1) নিশ্চয় = নি + চয়

(2) নিশ্চয় = নি্ + অচয়

(3) নিশ্চয় = নি: + চয়

(4) নিশ্চয় = নিশ + চয়

**126.** সেপ্টোপাসের কয়টি শুঁড় ছিল ?

(1) 6 টি

(2) 14 টি

(3) 17 টি

(4) 7 টি

**127.** আলোচ্য গদ্যে উল্লেখিত নাটকটি কেন শ্রুতিমাধ্যমের পক্ষে খুব বেশি উপযুক্ত বলে মনে হয়েছিল ?

(1) এতে রহস্য রোমাঞ্চ থাকায়

(2) এতে রোমান্স থাকায়

(3) এতে স্যাটায়ার থাকায়

(4) এতে হরর উপাদান থাকায়

**128.** আলোচ্য গদ্য কথকের নাম কি ?

(1) দিলীপ

(2) জগন্নাথ

(3) রমেশ

(4) গজেন্দ্র

CONFIDENTIAL

নির্দেশ :

নিম্নলিখিত গদ্যটি পাঠ করে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (129 থেকে 135 নম্বর প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন।

সুইটজারল্যাণ্ডের মত দেশেও লোকে সংস্কৃত পড়ে, ভারতবর্ষ সম্বন্ধে সুইসদের কৌতুহলও আছে - যদিও সে দেশে মাত্র একটি বিশ্ববিদ্যালয়ে সংস্কৃত পড়ানো হয় ও তাতে সংস্কৃতের অধ্যাপক কুল্লে একজনই। সেই অধ্যাপকটি এসেছেন এদেশে - সেদিন দেখা হল এখানে। অমায়িক লোক, চেহারাটি খাবসুরৎ, ইংরেজি বলেন ভাঙা-ভাঙা, নিজের ভুলে নিজেই হেসে ওঠেন। ভারতবর্ষের নীল আকাশ, সোনালি রোদ আর সবুজ ঘাসের যা তারিফ করলেন তা শুনে আমি লাজুক হাসি হেসে 'হ্যাঁ', হ্যাঁ করে গেলুম, এমনি কায়দায় যেন এগুলো নিতান্ত আমারই হাতে গড়া, এগজিবিশানে ছেড়েছি, দুচার পয়সা পেলে বিক্রি করতেও রাজী আছি। সুইটজ্যারল্যাণ্ডের পাল্টা প্রশংসাও করলুম, 'অহো, কী চমৎকার শাদা বরফ, নীল সরোবর আর চকচকে ঝকঝকে বাড়িঘর দোর।' সায়েব হাসিমুখে অনেক ধন্যবাদ দিলেন।

জিজ্ঞেস করলুম, 'সায়েব, তোমার দেশে সংস্কৃত এগোচ্ছে কি রকম ?'

সাহেব বললেন, 'মন্দ না, তবে কেতাবপত্রের বড় অভাব। আর সংস্কৃত ক'টা ছেলে পড়ে না-পড়ে সেইটেই তো আসল কথা নয়। আসল কথা হচ্ছে, ভারতবর্ষ সম্বন্ধে পাঁচজন সুইসের জ্ঞানগম্যি কতটুকু। সুইসরা ভাবে, ভারতবর্ষ দেশটা সাপে-বাঘে ভর্তি, মধ্যিখানে হরেকরকমের সাধু-সন্ন্যাসী আর ফকির-বৈরাগী ঘুরে বেড়াচ্ছে-তাদের ঝোলা থেকে হরবকত হরেকরকমের সাপ লাফ দিয়ে দিয়ে বেরোচ্ছে। ভারতবর্ষ সম্বন্ধে সাধারণ জ্ঞান দেবার মত প্রামাণিক বই কেউ তো লেখে না যেগুলো সাধারণ সুইস পড়তে পারে। ইংরিজি জানে ক'টা সুইস ?'

এই খেই ধরে দু'দণ্ড রসালাপ হ'ল।

**129.** "নীল আকাশ, সোনালি রোদ আর সবুজ ঘাস" রেখাঙ্কিত শব্দগুলি কিসের উদাহরণ ?

(1) বিশেষ্য

(2) বিশেষণ

(3) সর্বনাম

(4) ক্রিয়া

**130.** সুইটজারল্যাণ্ডের কয়টি বিশ্ববিদ্যালয়ে সংস্কৃত পড়ানো হয় ?

(1) 4 টি

(2) 3 টি

(3) 2 টি

(4) 1 টি

**131.** সুইটজারল্যাণ্ডের অধ্যাপকের মুখে ভারতবর্ষের প্রশংসা শুনে কথক কি করলেন ?

(1) সুইটজারল্যাণ্ডের পাল্টা প্রশংসা করলেন।

(2) নিশ্চুপ থাকলেন।

(3) সুইটজারল্যাণ্ডের নিন্দা করলেন।

(4) আনন্দে নৃত্য করলেন।

**132.** 'হরবকত' শব্দটির প্রকৃতি কি ?

(1) তৎসম

(2) বিদেশি

(3) দেশি

(4) তৎভব

**133.** সংস্কৃত অধ্যাপকের চেহারাটি কেমন ছিল ?

(1) কুৎসিত

(2) বদলোকের

(3) সাধারণ

(4) খাবসুরৎ

**134.** "মধ্যিখানে হরেকরকমের সাধু-সন্ন্যাসী আর ফকির বৈরাগী ঘুরে বেড়াচ্ছে।" –

রেখাঙ্কিত শব্দদ্বয় কোন ধরণের শব্দের উদাহরণ ?

(1) দ্রুত অর্থবোধকহীন শব্দ

(2) সমার্থক শব্দযোগে গঠিত দিরুক্ত শব্দ

(3) স্বল্প অর্থবোধক শব্দ

(4) বিপরীত অর্থবোধক শব্দযোগে গঠিত দিরুক্ত শব্দ।

**135.** সঠিক বাক্য নির্বাচন করুন -

(1) 'ওহো, কী চমৎকর শাদা বরফ, নীল সরোবর আর চকচকে বাড়িঘরদোর।'

(2) 'অহো, কী সুন্দর শাদা বরফ, নীল সরোবর আর চকচকে ঝকঝক বাড়িঘর।'

(3) 'অহো, কী চমৎকার শাদা বরফ, নীল সরোবর আর চকচকে ঝকঝকে বাড়িঘর দোর।'

(4) 'অহো, কী চমৎপ্রদ শাদা বরফ, নীর সরোবর আর ঝকঝকে বাড়িঘরদোর।'

**136.** বিস্তৃত (Extensine) পাঠ যেখানে শিশুদের আগ্রহকে জাগায় -


(1) অচেনা শব্দের অর্থ খোঁজা

(2) পাঠ্যে যেসব ব্যাকরণগত বিষয় ব্যবহৃত হয়েছে

(3) কবিতা আবৃত্তি

(4) আনন্দের জন্য পড়া

**137.** একজন শিক্ষক 'লেহ' এর উপর একটি অধ্যায় শুরু করতে চলেছেন। শুরু করার আগে 'লেহ' বিষয়ে একটি চিত্র ব্ল্যাকবোর্ডে এঁকে তিনি একটি আলোচনা আহ্বান করলেন।




শিক্ষক যে চিত্র ব্ল্যাকবোর্ড এঁকেছেন তা হল -

(1) রাজ্য মানচিত্র

(2) ধারণা (concept) মানচিত্র

(3) বিষয়ভিত্তিক (thematic) মানচিত্র

(4) চিত্রণ যন্ত্র (mapping device)

**138.** শিশুরা সক্রিয়ভাবে লিখতে শিখবে যখন লেখার বিষয় **(piece)**

(1) শিক্ষক ছাত্রকে নির্দেশিত (dictated) করবেন

(2) শিশুদের বিষয় উপযোগী এবং অর্থপূর্ণ হবে।

(3) শিক্ষকের বিষয় এবং সংস্কৃতিতে প্রাসঙ্গিক হবে।

(4) যখন কথিত শব্দের সংগে তার লিখিত আঙ্গিকের একটি সম্পর্ক থাকবে।

**139.** নিম্নলিখিত মধ্যে কোনটি উৎপাদন কর্মকৌশল **(approach)** প্রসঙ্গে সত্য নয় ?

(1) এটি সম্পূর্ণ রূপে শিক্ষক কেন্দ্রিক

(2) এটি ব্যবহারিক (behaviourist) নমুনার উপর নির্ভর

(3) এটি সর্বশেষ উৎপাদনের (finished product) উপর মনোযোগী হয়।

(4) এটি উৎপাদন এবং প্রজন্মের ধারণার (generation of ideas) প্রতি মনোযোগী হয়।

**140.** একজন শিক্ষক প্রক্রিয়াগত কর্মকৌশল **(process apprach)** অনুসারে লেখার কাজে নিম্নলিখিতের মধ্যে কোনটি ব্যবহার করবেন না ?

(1) কিংকর্তব্যবিমূঢ়তা (Brainstorming)

(2) নোটস্ লেখানো (Dictoring notes)

(3) খসড়া নির্মাণ (drafting)

(4) প্রুফ পাঠ (Proof reading)

**141.** প্রতিটি ভাষা শ্রেণীকক্ষে চরিত্র অভিনয় এক অবিচ্ছেদ্য অংশ হওয়া উচিত, কারণ

(1) এটি ছাত্রদের খোলামেলাভাবে পরনিন্দা-পরচর্চা করতে দেবে।

(2) এটি একটি ফলপ্রসু শ্রেণীকক্ষ পরিচালনা প্রকৌশল।

(3) এটি ছাত্রদের কাহিনী মনে রাখতে সাহায্য করবে।

(4) এটি ছাত্রদের অর্থপূর্ণ ভাষা কাজে ব্যস্ত রাখতে সাহায্য করবে।

**142. যখন শিশুদের কোন একটি বিষয়ভিত্তিক ছোট কবিতা রচনা করতে বলা হয়, তখন তারা যা ব্যবহার করে, তা হল –**

(1) মৌলিক ভাবনা

(2) সহমর্মী ভাবনা (emphathetic thinking)

(3) করুণাময় ভাবনা (sympathetic thinking)

(4) সাংস্কৃতিক ভাবনা

**143. ছাত্রদের এক ভালো পাঠক হিসেবে গড়ে তুলতে শব্দভাণ্ডারের বিকাশ একটি গুরুত্বপূর্ণ বিষয় । শব্দভাণ্ডারের বিকাশে নিম্নলিখিতের মধ্যে কোনটি ভালো কৌশল হিসেবে বিবেচিত হবে ?**

(1) ছাত্ররা সমার্থক ও বিপরীতার্থক শব্দের বিস্তারিত তালিকা মুখস্ত করবে ।

(2) ছাত্ররা যখনই কোন নতুন শব্দ দেখবে তখন অভিধানের সাহায্য নেবে ।

(3) ছাত্ররা পাঠের মধ্যে থাকা দূরূহ শব্দে দাগ দেবে এবং সেগুলি দিয়ে বাক্যরচনা করবে ।

(4) ছাত্ররা নতুন শব্দের অর্থ অনুমানের প্রেক্ষিত ব্যবহার শিখবে ।

**144. একজন শিক্ষক একটি ছাত্রের জীবনের কিছু তাৎপর্যপূর্ণ (significant incidences) ঘটনা লক্ষ্য করেন এবং আখ্যান নথি রচনা করেন । এটাকে বলা যেতে পারে –**

(1) রবরিস্ (ruberics)

(2) পোর্টফোলিও (port folio)

(3) লক্ষ্য করা (observation)

(4) কাল্পনিক ভিত্তিভূমির নথি (anedotal record)

**145. নিম্নলিখিতের মধ্যে কোনটি একটি সফল বলার কাজের চরিত্রলক্ষণ ?**

(1) ছাত্রদের অনিয়মিত অংশগ্রহণ

(2) এমন কর্মপদ্ধতি যেখানে ছাত্রদের কথাবলার সুযোগ দেওয়া হয় ।

(3) ছাত্রদের কেবল নির্দৃষ্ট ভাষায় (target language) কথা বলানো ।

(4) একটি কার্যকরী শ্রেণীকক্ষ পরিচালনার জন্য মনযোগ আকর্ষণকারী ছাত্রদের বেশি কথা বলতে দেওয়া ।

**146. ভাইগোটস্কী (Vygotsky) অনুসারে একটি ভাষা শিক্ষায় সবচেয়ে গুরুত্বপূর্ণ অঙ্গ হলো -**

(1) সামাজিক মেলামেশা

(2) পাঠ্যপুস্তক

(3) রেডিও (Radio)

(4) অভিধান

**147. কোন কার্যক্রম বলার দক্ষতা অনুশীলনে সবচেয়ে বেশি সহায়ক ?**

(1) ছাত্ররা কোন বিষয়ে একটি ছোট আনুষ্ঠানিক উপস্থাপনের আয়োজন করবে।

(2) শিক্ষক তাদের একটি উদ্দেশ্যমূলক শ্রুতিলিখনের (dictation) নির্দেশ দেবেন।

(3) ছাত্রদের দেওয়া সূত্র অনুযায়ী তারা একটি কাহিনীকে বিভিন্ন ভাবে বিবৃত করবে।

(4) ছাত্ররা একটি ভালো পরিকল্পনা প্রতিবেদন (project report) তৈরি করবে।

**148. পড়ার কোন পর্যায়, ছাত্রদের নতুন আত্তীকৃত জ্ঞান এবং শ্রেণীকক্ষের বাইরের পৃথিবীর সঙ্গে তার পূর্ববর্তী জ্ঞানের সংযোগ সাধনে সক্ষম করে ?**

(1) পড়ার পূর্বে (Pre-reading)

(2) পড়ার সময় (while reading)

(3) পড়ার আগে (before reading)

(4) পড়ার পর (post reading)

**149. ভাষাজ্ঞানীদের (cognitivist) অনুসারে শিশুরা ফলপ্রসুভাবে ভাষা শেখে, যখন**

(1) শ্রেণীকক্ষ সম্পূর্ণভাবে শিক্ষকের নিয়ন্ত্রণে থাকে এবং তিনি শিশুদের খুব অল্প জায়গা ছাড়েন।

(2) তিনি শিশুদের ব্যাকরণের নীতি মুখস্ত (memorise) করতে উৎসাহিত করেন।

(3) শিশুরা ব্ল্যাকবোর্ড থেকে উত্তর পরিষ্কারভাবে অনুলিখন করবে।

(4) শিক্ষক বিভিন্ন দক্ষতার নির্দেশিত কাজ (tasks) এবং ক্রিয়া (activities) তে অংশগ্রহণের জন্য তাদের উৎসাহিত করবে।

**150.** একজন ভালো শ্রোতা -

(1) কিভাবে একটা শব্দ বলতে হয়, তা বোঝেন।

(2) কিভাবে উদ্দেশ্য ব্যবহৃত হয়েছে, তা চিহ্নিত করতে পারেন।

(3) প্রশ্নের সঠিক প্রতিক্রিয়া জানাতে পারেন।

(4) প্রতিটি শব্দ নির্ভুলভাবে উচ্চারণ করতে পারেন।

**SPACE FOR ROUGH WORK**

**নিম্নলিখিত নির্দেশ গুলি মন দিয়ে পড়ুন :**

1. বিভিন্ন ধরণের প্রশ্নের উত্তর নির্বাচনের জন্য যে নির্দেশ পরীক্ষা পুস্তিকায় দেওয়া রয়েছে, প্রশ্নের উত্তর নির্বাচনের পূর্বে তা মনোযোগ সহকারে পড়ুন ।
2. প্রতিটি প্রশ্নের চারটি বিকল্প উত্তরের মধ্যে সঠিক উত্তর হিসেবে (OMR) উত্তর পত্রে কেবল একটিমাত্র বৃত্তকেই নীল বল পয়েন্ট পেন দিয়ে ভরাট করতে হবে । একবার উত্তর চিহ্নিত করণ হয়ে গেলে, তা আর বদলানো যাবে না ।
3. পরীক্ষার্থীকে অবশ্যই মনে রাখতে হবে যে, উত্তর পত্রটিতে কিছুতেই ভাঁজ ফেলা চলবেনা, অন্য কোনো রকম দাগ লাগানো চলবে না । পরীক্ষার্থী তার ক্রমিক সংখ্যাটি (Roll No.) নির্ধারিত স্থান ছাড়া অন্য কোনোখানেই উল্লেখ করবেন না ।
4. পরীক্ষা পুস্তিকা এবং উত্তর পত্র সাবধানতার সঙ্গে নাড়াচাড়া করবেন । কোনো কারণে তা খারাপ বা নষ্ট হলে দ্বিতীয় পরীক্ষা পুস্তিকা দেওয়া হবে না । (শুধুমাত্র পরীক্ষা পুস্তিকা এবং উত্তর পত্রের কোড নম্বরের মধ্যে অমিল থাকলেই দ্বিতীয় পরীক্ষা-পুস্তিকা দেওয়া হবে ।
5. পরীক্ষার্থী হাজিরা-পত্রে (Attendance Sheet) ঠিক মতো পরীক্ষা পুস্তিকা/উত্তর পত্রে মুদ্রিত পরীক্ষা পুস্তিকার কোড নম্বরটি লিখবেন ।
6. মেশিন কেবলমাত্র উত্তরপত্রে (OMR) দেওয়া সংকেতই পড়তে পারবে । তাই কোন তথ্য অসম্পূর্ণ রাখা চলবে না এবং প্রবেশপত্রে প্রদত্ত তথ্যের সাথে তার কোন পার্থক্য থাকবে না ।
7. পরীক্ষার্থীকে কেবল প্রবেশ পত্র বা Admit Card ছাড়া অন্য কোনো পাঠ্য বস্তু, ছাপা বা হাতে-লেখা, কাগজের টুকরো, পেজার, মোবাইল ফোন, বৈদ্যুতিক উপকরণ বা অন্য কোনো দ্রব্য নিয়ে পরীক্ষা হল-এ ঢুকতে দেওয়া হবে না ।
8. মোবাইল, বেতার যোগাযোগ মাধ্যম (এমনকী নিষ্ক্রিয় করে রাখা মোবাইল) এবং অন্যান্য নিষিদ্ধ বৈদ্যুতিক উপকরণ পরীক্ষাহলে আনা চলবে না । এই নির্দেশ পালন না করলে তাকে অন্যায় আচরণ হিসেবে গণ্য করা হবে এবং যে কোন ব্যবস্থা নেওয়া হবে এমনকী তার পরীক্ষা বাতিল করাও যেতে পারে ।
9. পরীক্ষা-নিরীক্ষক চাইলে পরীক্ষার্থী তার প্রবেশপত্র তাঁকে দেখাবেন ।
10. পরীক্ষা-নিরীক্ষক বা তত্ত্বাবধায়কের অনুমতি ছাড়া পরীক্ষার্থী তার আসন ছেড়ে উঠবেন না ।
11. কর্মরত নিরীক্ষকের হাতে নিজের উত্তর পত্র জমা না দিয়ে এবং হাজিরা পত্রে দুবার স্বাক্ষর না করে পরীক্ষার্থী পরীক্ষার হল্ থেকে বেরোবেন না । যদি কোনো পরীক্ষার্থী হাজিরা পত্রে দ্বিতীয় বার স্বাক্ষর না করেন, তবে এটাই ধরে নেওয়া হবে যে তিনি তাঁর উত্তর পত্র জমা করেন নি - এবং ব্যাপারটিকে দন্ডনীয় অপরাধ হিসেবে গণ্য করা হবে ।
12. ইলেক্ট্রনিক / হস্তচালিত ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ ।
13. পরীক্ষা হলের মধ্যে পরীক্ষার্থী বোর্ড-নির্ধারিত যাবতীয় নীতি-নিয়ম মেনে চলতে বাধ্য । কোনো রকম অনভিপ্রেত আচরণের বিচার ও তার সিদ্ধান্ত বোর্ডের নিয়ম-অধিনিয়ম অনুযায়ীই সম্পন্ন হবে ।
14. কোনো রকম পরিস্থিতিতেই পরীক্ষা পুস্তিকা ও উত্তর পত্রের কোনো অংশ বিচ্ছিন্ন করা চলবে না ।
15. **পরীক্ষা শেষ হলে, পরীক্ষার্থী পরীক্ষা-কক্ষ ছাড়ার আগে তাঁর উত্তর পত্রটি অবশ্যই কক্ষ-নিরীক্ষকের হাতে জমা দেবেন । পরীক্ষা পুস্তিকাটি অবশ্য জমা করার দরকার নেই - পরীক্ষার্থী সেটা নিজের সঙ্গে নিয়ে যেতে পারেন ।**

**निम्नलिखित निर्देशों को ध्यान से पढ़ें :**

1. जिस प्रकार से विभिन्न प्रश्नों के उत्तर दिए जाने हैं उसका वर्णन परीक्षा पुस्तिका में किया गया है, जिसे आप प्रश्नों का उत्तर देने से पहले ध्यान से पढ़ लें ।
2. प्रत्येक प्रश्न के लिए दिए गए चार विकल्पों में से सही उत्तर के लिए OMR उत्तर पत्र के **पृष्ठ-2** पर केवल एक वृत्त को ही पूरी तरह **काले/नीले बॉल पॉइन्ट पेन** से भरें । एक बार उत्तर अंकित करने के बाद उसे बदला नहीं जा सकता है ।
3. परीक्षार्थी सुनिश्चित करें कि इस उत्तर पत्र को मोड़ा न जाए एवं उस पर कोई अन्य निशान न लगाएँ । परीक्षार्थी अपना अनुक्रमांक उत्तर-पत्र में निर्धारित स्थान के अतिरिक्त अन्यत्र न लिखें ।
4. परीक्षा पुस्तिका एवं उत्तर पत्र का ध्यानपूर्वक प्रयोग करें, क्योंकि किसी भी परिस्थिति में (केवल परीक्षा पुस्तिका एवं उत्तर पत्र के संकेत या संख्या में भिन्नता की स्थिति को छोड़कर) दूसरी परीक्षा पुस्तिका उपलब्ध नहीं करायी जाएगी ।
5. परीक्षा पुस्तिका / उत्तर पत्र में दिए गए परीक्षा पुस्तिका संकेत व संख्या को परीक्षार्थी सही तरीके से हाज़िरी-पत्र में लिखें ।
6. OMR उत्तर पत्र में कोडित जानकारी को एक मशीन पढ़ेगी । इसलिए कोई भी सूचना अधूरी न छोड़ें और यह प्रवेश-पत्र में दी गई सूचना से भिन्न नहीं होनी चाहिए ।
7. परीक्षार्थी द्वारा परीक्षा हॉल/कक्ष में प्रवेश-पत्र के सिवाय किसी प्रकार की पाठ्य-सामग्री, मुद्रित या हस्तलिखित, कागज़ की पर्चियाँ, पेजर, मोबाइल फोन, इलेक्ट्रॉनिक उपकरण या किसी अन्य प्रकार की सामग्री को ले जाने या उपयोग करने की अनुमति नहीं है ।
8. मोबाइल फोन, बेतार संचार युक्तियाँ (स्वीच ऑफ अवस्था में भी) और अन्य प्रतिबंधित वस्तुएँ परीक्षा हॉल/कक्ष में नहीं लाई जानी चाहिए । इस सूचना का पालन न होने पर इसे परीक्षा में अनुचित साधनों का प्रयोग माना जाएगा और उनके विरुद्ध कार्यवाही की जाएगी, परीक्षा रद्द करने सहित ।
9. पूछे जाने पर प्रत्येक परीक्षार्थी, निरीक्षक को अपना प्रवेश-पत्र दिखाएँ ।
10. केन्द्र अधीक्षक या निरीक्षक की विशेष अनुमति के बिना कोई परीक्षार्थी अपना स्थान न छोड़ें ।
11. कार्यरत निरीक्षक को अपना उत्तर पत्र दिए बिना एवं हाज़िरी-पत्र पर दुबारा हस्ताक्षर किए बिना परीक्षार्थी परीक्षा हॉल/कक्ष नहीं छोड़ेंगे । यदि किसी परीक्षार्थी ने दूसरी बार हाज़िरी-पत्र पर हस्ताक्षर नहीं किए, तो यह माना जाएगा कि उसने उत्तर पत्र नहीं लौटाया है और यह अनुचित साधन का मामला माना जाएगा । **परीक्षार्थी अपने बाएँ हाथ के अंगूठे का निशान हाज़िरी-पत्र में दिए गए स्थान पर अवश्य लगाएँ ।**
12. इलेक्ट्रॉनिक / हस्तचालित परिकलक का उपयोग वर्जित है ।
13. परीक्षा हॉल/कक्ष में आचरण के लिए परीक्षार्थी बोर्ड के सभी नियमों एवं विनियमों द्वारा नियमित हैं । अनुचित साधनों के सभी मामलों का फैसला बोर्ड के नियमों एवं विनियमों के अनुसार होगा ।
14. किसी हालत में परीक्षा पुस्तिका और उत्तर पत्र का कोई भाग अलग न करें ।
15. **परीक्षा सम्पन्न होने पर, परीक्षार्थी हॉल / कक्ष छोड़ने से पूर्व उत्तर पत्र कक्ष-निरीक्षक को अवश्य सौंप दें । परीक्षार्थी अपने साथ इस परीक्षा पुस्तिका को ले जा सकते हैं ।**

**READ THE FOLLOWING INSTRUCTIONS CAREFULLY:**

1. The manner in which the different questions are to be answered has been explained in the Test Booklet which you should read carefully before actually answering the questions.
2. Out of the four alternatives for each question, only one circle for the correct answer is to be darkened completely with **Black/Blue Ball Point Pen** on **Side-2** of the OMR Answer Sheet. The answer once marked is not liable to be changed.
3. The candidates should ensure that the Answer Sheet is not folded. Do not make any stray marks on the Answer Sheet. Do not write your Roll No. anywhere else except in the specified space in the Answer Sheet.
4. Handle the Test Booklet and Answer Sheet with care, as under no circumstances (except for discrepancy in Test Booklet Code or Number and Answer Sheet Code or Number), another set will be provided.
5. The candidates will write the correct Test Booklet Code and Number as given in the Test Booklet / Answer Sheet in the Attendance Sheet.
6. A machine will read the coded information in the OMR Answer Sheet. Hence, no information should be left incomplete and it should not be different from the information given in the Admit Card.
7. Candidates are not allowed to carry any textual material, printed or written, bits of papers, pager, mobile phone, electronic device or any other material except the Admit Card inside the examination hall/ room.
8. Mobile phones, wireless communication devices (even in switched off mode) and the other banned items should not be brought in the examination halls/ rooms. Failing to comply with this instruction, it will be considered as using unfair means in the examination and action will be taken against them including cancellation of examination.
9. Each candidate must show on demand his / her Admit Card to the Invigilator.
10. No candidate, without special permission of the Centre Superintendent or Invigilator, should leave his / her seat.
11. The candidates should not leave the Examination Hall/ Room without handing over their Answer Sheet to the Invigilator on duty and sign the Attendance Sheet twice. Cases where a candidate has not signed the Attendance Sheet second time will be deemed not to have handed over the Answer Sheet and dealt with as an unfair means case. **The candidates are also required to put their left hand THUMB impression in the space provided in the Attendance Sheet.**
12. Use of Electronic / Manual Calculator is prohibited.
13. The candidates are governed by all Rules and Regulations of the Board with regard to their conduct in the Examination Hall/Room. All cases of unfair means will be dealt with as per Rules and Regulations of the Board.
14. No part of the Test Booklet and Answer Sheet shall be detached under any circumstances.
15. **On completion of the test, the candidate must hand over the Answer Sheet to the Invigilator in the Hall / Room.** ***The candidates are allowed to take away this Test Booklet with them.***